

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তম তলা)
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নং: আবাআখা/অর্থ ও হিসাব/মাঃ পঃ অর্থ বরাদ্দ/০২/২০১৮-১৯-২২৩৮

তারিখঃ ২৪.০৭.২০১৯ খ্রি.

বিষয়ঃ ঋণ আদায়ে ব্যর্থ কর্মচারীদের বেতন প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ আবাআখা/অর্থ ও হিসাব/মাঃ পঃ অর্থ বরাদ্দ/০২/২০১৮-১৯/১৪৯৯, তারিখঃ ২৩/০৪/২০১৯ খ্রি.

সূত্রস্থ স্মারকে আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে ব্যর্থ কর্মচারীদের খেলাপী ঋণ আদায়ে উদ্ধৃদ্ধকরণের জন্য নির্ধারিত পরিমাণ ঋণ আদায়ে ব্যর্থ কর্মচারীদের বিভিন্ন হারে (সর্বোচ্চ ৪০% সর্বনিম্ন ১০% হারে) বেতন কর্তণ পূর্বক পরিশোধ করার নির্দেশনা জারী করা হয় এবং কর্তিত বেতন পল্লী সঞ্চয় ব্যাংকে আপাতত জমা করার অনুরোধ করা হয়।

ইতোমধ্যে আমার বাড়ি আমার খামার প্রকল্পের ৩০.০৬.২০১৬ তারিখের পূর্বে কর্মরত প্রায় সকল কর্মচারী পল্লী সঞ্চয় ব্যাংকে ০১.০৭.২০১৮ তারিখ হতে স্থানান্তরিত হয়েছেন এবং তারা ব্যাংক হতে বেতন ভাতা প্রাপ্য হবেন। ব্যাংকে স্থানান্তরিত কর্মচারীদের চাকরির শর্তাবলী পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) প্রবিধানমালা-২০১৬ দ্বারা নিয়ন্ত্রিত। উক্ত প্রবিধানে ঋণ আদায়ে ব্যর্থ কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সুস্পষ্ট বিধানাবলী বিদ্যমান।

এমতাবস্থায় সূত্রস্থ স্মারকে জারীকৃত ঋণ আদায়ে ব্যর্থ কর্মচারীদের বেতন প্রদান সংক্রান্ত নির্দেশাবলী প্রত্যাহার করা হলো। ব্যাংকে স্থানান্তরিত কর্মচারীবৃন্দ ব্যাংকের নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক ব্যাংক হতে বেতন ভাতাদি গ্রহণ করবেন। তবে স্থানান্তরিত কর্মচারীদের জন্য সাকুল্য হারে প্রাপ্য বেতন ভাতাদি উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলন করে পল্লী সঞ্চয় ব্যাংকের নির্ধারিত খাতে (৯০১০৩০০১) জমা প্রদান নিশ্চিত করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ও

ব্যবস্থাপনা পরিচালক

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

উপজেলা সমন্বয়কারী (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প।

শাখা ব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।